# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 05 April, 2025

চট্টগ্রাম নগরীর পতেঙ্গা থানার বিমানবন্দর মোড় এলাকায় পুলিশের চেকপোস্ট অভিযানে এক কেজির বেশি স্বর্ণ, ইলেকট্রনিক পণ্য ও বিপুল পরিমাণ বিদেশি সিগারেটসহ পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে।শুক্রবার (৪ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এসব জব্দ করে পুলিশ।

গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা হলেন- মো. তৌফিকুর রহমান সোহাগ (৩৭), মো. আকিদুল আলম শান্ত (২২), মো. হাসান মুরাদ (২৪), মো. নাইমুল হক (২০) এবং মো. মনির আহমেদ (৪৮)।

পুলিশ জানায়, সন্দেহভাজন একটি গাড়ি থামিয়ে তল্লাশি চালিয়ে ১ কেজি ১৫৫ গ্রাম স্বর্ণ, ৫টি মোবাইল, ২টি ল্যাপটপ এবং ১৩ কার্টন বিদেশি সিগারেট উদ্ধার করা হয়।ঘটনাস্থল থেকে চারজনকে আটক করা হয় এবং তাদের দেয়া তথ্য অনুযায়ী, ১৫ নম্বর ঘাট এলাকা থেকে আরও একজনকে গ্রেপ্তার করা হয়।

শনিবার (৫ এপ্রিল) পতেঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল ইসলাম গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।তিনি জানান, অভিযানে আমরা প্রায় এক কোটি ৬০ লাখ টাকার মালামাল জব্দ করেছি।গ্রেপ্তারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে আদালতে পাঠানো হয়েছে।

পুলিশ বলছে, এ চক্রের সঙ্গে আন্তর্জাতিক চোরাচালান বা স্বর্ণ পাচারকারীদের কোনো সংযোগ আছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

বিমানবন্দর স্বর্ণ গ্রেপ্তার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:51

URL: https://timestodaybd.com/chittagong/775807343